

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট  
প্রকাশনা ও জনসংযোগ শাখা

...

ড. মোঃ রাকিবুল হাসান  
সভাপতি প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা এবং প্রযুক্তি পরীক্ষণ  
বিভাগ  
সভার তারিখ ০৮/০২/২০২৩ খ্রিঃ  
সভার সময় বেলা ১১.০০ ঘটিকা  
স্থান সম্মেলন কক্ষ (দ্বিতীয় তলা), প্রশাসনিক ভবন  
উপস্থিতি সংযুক্তি-ক অনুযায়ী

**গত ০৮/০২/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার  
কার্যবিবরণী**

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত একটি সভা গত ০৮/০২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিএলআরআই-এর ইনোভেশন অফিসার ড. মোঃ রাকিবুল হাসান। সভায় উপস্থিতির তালিকা নিম্নরূপ-

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	ড. কামরুন নাহার মনিরা, উদ্ভাবক	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০২।	মোহাম্মদ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০৩।	ড. মো. আব্দুর রশিদ, উদ্ভাবক	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	মোছাঃ মাহফুজা খাতুন, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	ডাঃ মোঃ জাকির হাসান, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬।	মোঃ তারেক হোসেন	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৭।	ফারজানা ইয়াসমিন	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	দেবজ্যোতি ঘোষ, সদস্য, ইনোভেশন টিম	তথ্য কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এপিএ মূল্যায়ন কমিটির সদস্য এবং ইনোভেশন টিমের প্রাক্তন সদস্য মোঃ রেজাউল হাই, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই এসময় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে সভায় ইনোভেশন টিমের কার্যক্রম তুলে ধরেন। সভায় উপস্থিত সদস্যগণ সভার আলোচ্যসূচি অনুযায়ী নিজেদের মতামত ব্যক্ত করেন। পাশাপাশি ইতঃপূর্বে বাস্তবায়িত ও চলমান ধারণা/সেবাসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি এবং ইনস্টিটিউটের ইনোভেশন অফিসার ড. মোঃ রাকিবুল হাসান সুষ্ঠুভাবে কর্মপরিকল্পনা বাস্তবায়নে দিক-নির্দেশনা প্রদান করেন এবং সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানান।


বিস্তারিত আলোচনার ভিত্তিতে সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

**সিদ্ধান্ত/সুপারিশ/পরামর্শসমূহঃ**

ক্রমিক নং	সিদ্ধান্ত/সুপারিশ/পরামর্শসমূহ	বাস্তবায়নকারী
০১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর [১.১] নং উপধারা অনুসারে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে ছুটি গ্রহণের অভ্যন্তরীণ সেবাটি ডিজিটাইজেশনের মাধ্যমে “ডিজিটাল ছুটি ব্যবস্থাপনা” শীর্ষক একটি সেবা চালু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

০২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর [১.৩] নং উপধারা অনুসারে ই-নথি ব্যবহারের লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে ই-নথিতে কার্যক্রম বৃদ্ধিকল্পে দাপ্তরিক বিভিন্ন আবেদনপত্র ও চাহিদাপত্র ই-নথির মাধ্যমে জমাদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত পরিচালক
০৩	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর [২.২.৫] নং উপধারা অনুসারে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকল্পে মার্চ, ২০২৩ এর প্রথম সপ্তাহে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী ধারণাসমূহ পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
০৪	চলমান উদ্ভাবনী ধারণাসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা পূর্বক ধারণাসমূহের পরবর্তী বাজেট পরিকল্পনা চেয়ে উদ্ভাবকগণকে পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
০৫	'ফিড মাস্টার', 'খামারগুরু' এবং 'ব্রিডিং ম্যানেজার' ধারণাসমূহের উদ্ভাবকগণ শিক্ষা ছুটিতে দেশের বাইরে অবস্থান করায় ধারণাসমূহের প্রতিনিধি মনোনয়নের লক্ষ্যে উদ্ভাবকগণকে পত্র প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ রাকিবুল হাসান  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান  
(অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা এবং  
প্রযুক্তি পরীক্ষণ বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.২২

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯

২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পোল্ট্রি উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পোল্ট্রি উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা এবং প্রযুক্তি পরীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, পোল্ট্রি উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা এবং প্রযুক্তি পরীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) কম্পিউটার অপারেটর, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



দেবজ্যোতি ঘোষ  
তথ্য কর্মকর্তা